

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৬৮

১২/ শিশুদের দুগ্ধপান (کتاب الرضاع)

পরিচ্ছেদঃ সাজ-সজ্জা করে মহিলাদের বাইরে যাওয়া হারাম।

باب مَا جَاءَ في كَرَاهِيَةِ خُرُوجِ النِّسَاءِ فِي الزِّينَةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ، أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ مُوسَى بْنِ عُبَيْدَةَ، عَنْ أَيُّوبَ بْنِ خَالِد، عَنْ مَيْمُونَةَ بِنْتِ سَعْد، وَكَانَتْ، خَادِمًا لِلنَّبِيِّ صلى الله عليه وسلم قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَثَلُ الرَّافِلَةِ فِي الزِّينَةِ فِي غَيْرِ أَهْلِهَا كَمَثَلِ ظُلْمَةِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَثَلُ الرَّافِلَةِ فِي الزِّينَةِ فِي غَيْرِ أَهْلِهَا كَمَثَلِ ظُلْمَةِ يَوْمِ الْقِيَامَةِ لاَ نُورَ لَهَا " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ مُوسَى بْنِ عُبَيْدَةَ يُضَعَفُ فِي الْحَدِيثِ مِنْ قِبَلِ حِفْظِهِ وَهُو صَدُوقٌ . وَقَدْ رَوَاهُ بَعْضُهُمْ عَنْ مُوسَى بْن عُبَيْدَةَ وَلَمْ يَرْفَعْهُ .

বাংলা

১১৬৮. আলী ইবনু খাশরাম (রহঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খাদিমা মায়মূনা বিনত সা'দ রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে নারী তার পরিবারের লোকদের বাইরে সুসজ্জিতা হয়ে ঠাঠ-ঠমকে চলে, তার উদাহরণ হলো কিয়ামত দিবসের আঁধারের মত। সে দিন তার জন্য কোন আলো থাকবে না। - যইফা ১৮০০, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৬৭[আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, মূসা ইবনু উবায়দা (রহঃ)-এর সূত্র ছাড়া এই হাদীসটি সম্পর্কে আমাদের জানা নেই। আর মূসা ইবনু উবায়দা তাঁর স্মরণ শক্তির (দুর্বলতার) কারণে হাদীছের ক্ষেত্রে যঈফ, যদিও তিনি খুবই সত্যবাদী। ইমাম শু'বা ও ছাওরী (রহঃ) ও তাঁর বরাতে হাদীস বর্ণনা করেছেন। এই হাদীসটি কেউ কেউ মূসা ইবনু উবায়দা থেকে বর্ণনা করেছেন। কিন্তু তাঁরা তা মারফু'রূপে করেননি।

English

Maimunah bin Sa'd who was a servant for the Prophet, narrated that The Messenger of Allah said:



"The parable of the woman who walks to impress others in adornments for other than her family, is that of darkness on the Day of Judgment: There is no light for her."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন